

আল-মুমিনুন | Al-Mu'minun | ۹۸

আয়াতঃ ۲۹ : ۲۹

আরবি মূল আয়াত:

وَ قُلْ رَبِّ أَنْزِلْنِي مُنْزَلًا مُبَرَّكًا وَ أَنْتَ خَيْرُ الْمُنْزَلِينَ ﴿٢٩﴾

অনুবাদসমূহ:

তুমি আরও বলবে, ‘হে আমার রব, আমাকে বরকতময় অবতরণস্থলে অবতরণ করান। আর আপনিই সর্বশেষ অবতরণকারী।’ — আল-বায়ান

আর বলো : হে আমার প্রতিপালক! আমাকে কল্যাণকরভাবে নামিয়ে দাও, নামানোতে তুমিই সর্বোত্তম। — তাইসিরত্ন

আর বলঃ হে আমার রাবব! আমাকে এমনভাবে অবতরণ করিয়ে নিন যা হবে কল্যাণকর; আর আপনিই শ্রেষ্ঠ অবতরণকারী। — মুজিবুর রহমান

And say, 'My Lord, let me land at a blessed landing place, and You are the best to accommodate [us].'" — Sahih International

২৯. আরো বলুন, হে আমার রব! আমাকে নামিয়ে দিন কল্যাণকরভাবে; আর আপনিই শ্রেষ্ঠ অবতারণকারী।

-

তাফসীরে জাকারিয়া

(২৯) আরো বলো, ‘হে আমার প্রতিপালক![1] আমাকে এমনভাবে অবতারণ কর, যা হবে কল্যাণকর; আর তুমিই শ্রেষ্ঠ অবতারণকারী।’[2]

[1] কিণ্ঠিতে বসে আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করবে, যেহেতু তিনি যালেমদেরকে শেষ পর্যন্ত ডুবিয়ে মেরে তাদের হাত হতে তোমাকে পরিত্রাণ দিলেন। আর কিণ্ঠি নিরাপদে তীরে ভিড়ার জন্যও দু'আ করবে ও বলবে, ‘আমাকে এমনভাবে অবতারণ কর, যা হবে কল্যাণকর; আর তুমিই শ্রেষ্ঠ অবতারণকারী।’

[2] এই সঙ্গে সেই দু'আও পাঠ করা উচিত, যা নবী (সা:) যানবাহনে আরোহণ করার সময় পড়তেন। ‘আল্লাহ আকবার, আল্লাহ আকবার, আল্লাহ আকবার, সুবহানাল্লায় সাখখারালানা হায় অমা কুন্না লাহু মুকরিনীন। অইম্মা ইলা রাবিবনা লামুনকালিবুন।’ (সূরা যুখরুফ ১৩-১৪ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2702>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন